

মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে এডিবি'র সাথে সাড়ে ১৮ কোটি ডলারের ঋণ চুক্তি

■ ইত্তেফাক রিপোর্ট

মাধ্যমিক শিক্ষার মান উন্নয়ন প্রকল্পে অর্থায়নের জন্য এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ও বাংলাদেশ সরকারের মধ্যে গতকাল ১৮৫ মিলিয়ন বা সাড়ে ১৮ কোটি ডলারের একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। শেরেবাংলা নগরস্থ ইয়ার্ডি সম্মেলন কক্ষে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্ম সচিব সাইফুদ্দিন আহমেদ এবং এডিবি'র কান্ট্রি ডিরেক্টর কাজুহিগো হিগুচি স্বাক্ষর করেন। মাধ্যমিক শিক্ষার মান উন্নয়ন এবং দক্ষ শ্রম শক্তির মান উন্নয়নে এ অর্থ ব্যবহার করা হবে। ২০০৩ সালে শুরু হওয়া চলমান সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইএসআইপি) বাস্তবায়নে এ অর্থ ব্যয় করা হবে। প্রকল্প ২০২৩ সাল পর্যন্ত চলমান থাকবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কাজুহিগো হিগুচি বলেন, মধ্য আয়ের দেশে উন্নীত হতে বাংলাদেশে উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করেছে। এ লক্ষ্য অর্জনে কারিগরি জ্ঞান সম্পন্ন তরুণরা ভিত্তি হিসেবে কাজ করবে। এ অর্থায়নের মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে সহায়তা করবে।

এসময় আরো জানানো হয়, প্রকল্পের আওতায় ১০ বছর মেয়াদী মাধ্যমিক শিক্ষার সংস্কার পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করছে। গতকাল

চুক্তি হওয়া প্রকল্পের মাধ্যমে বিজ্ঞান শিক্ষা, কারিগরি শিক্ষা এবং আইসিটি শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হবে।